

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ : ১৮ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/০৩ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

নং ২৫.০৩০.০১৪.০৩.০০.০১৩.২০১৪(অংশ-১)/৫২—২০১৮ সনের ৩ নং আইন অনুসারে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ বলিয়া উল্লিখিত, এর অধিক্ষেত্রভুক্ত এলাকার জন্য নতুন মহাপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন ও সমীচীন;

যেহেতু রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৮ এর ধারা ১২ (১) এর শর্তাবলী পূরণ করিয়া রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত এলাকার জন্য খসড়া মহাপরিকল্পনা প্রণয়ন করিয়া সরকারের নিকট ০৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে দাখিল করিয়াছে;

সেহেতু সরকার উক্ত ধারার উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে নতুন প্রস্তাবিত খসড়া মহাপরিকল্পনা প্রণয়ন করিয়া এতদ্বারা প্রাক-প্রকাশ করিল। প্রণীত খসড়া মহাপরিকল্পনার বিষয়ে জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে আগামী ১০-০৩-২০২২ তারিখ হইতে ২৪-০৪-২০২২ তারিখ পর্যন্ত গণশুনানী কার্যক্রম চলমান থাকিবে। এতদসংক্রান্ত জিআইএস বেইস ম্যাপ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইটে (www.rda.rajshahidiv.gov.bd) সংরক্ষিত থাকিবে। এছাড়া গণশুনানী চলাকালীন রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অডিটোরিয়ামে ম্যাপ প্রদর্শনের জন্য সংরক্ষিত থাকিবে।

(৬৩৫১)

মূল্য : টাকা ৪.০০

প্রস্তাবিত খসড়া মহাপরিকল্পনা বা উহার কোনো অংশবিশেষ এর উপর কোনো ক্ষতিগ্রস্ত অথবা অন্য কোনো ব্যক্তির আপত্তি/পরামর্শ থাকিলে তাহকে অত্র প্রজ্ঞাপন এ নির্ধারিত ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে প্রকল্প পরিচালক, “কার্যকরী মহাপরিকল্পনা ও বিস্তারিত এলাকা পরিকল্পনা হালনাগাদ করার মাধ্যমে রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যানকে দুর্যোগ ঝুঁকি সংবেদনশীল করণ” শীর্ষক প্রকল্প, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী-৬২০৩ বরাবর অথবা ই-মেইল: pd.rdamasterplan@gmail.com এ তাহার আপত্তি বা সুপারিশ দাখিল করার জন্য অনুরোধ করা যাইতেছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তারিক হাসান

সিনিয়র সহকারী সচিব।